

💵 হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় : হজের মূল পর্ব

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

মাথা মুণ্ডন সংক্রান্ত কিছু মাসআলা

- ১. মাথা মুণ্ডন বা মাথার চুল ছোট করার ব্যাপারে ইহরাম অবস্থায় থাকা না থাকার কোনো বাধ্য-বাধকতা নেই। অর্থাৎ হাজী সাহেব নিজের মাথা নিজে কামাতে বা চুল ছোট করতে পারেন। নিজে হালাল না হয়েও অপরের মাথা কামাতে বা চুল ছোট করে দিতে পারেন।
- ২. পুরো মাথা মুণ্ডন করতে হবে অথবা পুরো মাথার চুল ছোট করতে হবে। সামান্য কিছু চুল ফেলা যথেষ্ট হবে না। কেননা এটাকে মুণ্ডন বা ছোট করা কোনটাই বলা যায় না।
- ৩. মাথা মুণ্ডন বা মাথার চুল ছোট না করে অন্য কিছুকে এটার স্থলাভিষিক্ত করা যাবে না।
- ৪. কুরবানীর শেষ দিন পর্যন্ত মাথা মুণ্ডন বিলম্বিত করা জায়েয।
- ৫. মহিলারা পুরো মাথার চুল থেকে এক আঙ্গুলের অগ্রভাগ অর্থাৎ এক কর পরিমাণ ছোট করবে। যার পরিমাণ প্রায় ২ সেন্টিমিটার।
- ৬. কঙ্কর নিক্ষেপ, পশু যবেহ ও মাথা মুণ্ডন বা চুল ছোট করলেই হাজী সাহেবের জন্য যৌনমিলন ছাড়া ইহরামের সাথে সংশ্লিষ্ট অন্যান্য নিষিদ্ধ সব বিষয় হালাল হয়ে যাবে।
- ৭. এখন থেকে হাজী সাহেব সেলাই করা কাপড় পরিধান, সুগন্ধি ব্যবহার ইত্যাদি করতে পারবেন। তবে স্বামী-স্ত্রীর চুম্বন, মিলন ইত্যাদি এখনও বৈধ হবে না। তাওয়াফে ইফাযা বা তাওয়াফে যিয়ারতের পরই কেবল এসব বৈধ হবে। তখন হাজী সাবেহ সম্পূর্ণরূপে হালাল হয়ে যাবেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7423

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন